গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
অধিশাখা-৪ (সমন্বয়)

শিম/শাঃ ৪/বিবিধ/২০১১ (অংশ-১)/৫০৯ তারিখঃ ২৮/১২/২০১১

বিষয়ঃ বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ (বিসিএসআইআর) আয়োজিত 'বিজ্ঞান, শিল্প ও প্রযুক্তি মেলা, ২০১২' এ দেশের স্কুল-কলেজসমূহের অংশগ্রহণ প্রসঙ্গে।

সূত্রঃ বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ (বিসিএসআইআর) এর পত্র নং-৩৯.০৪১.০৩৬.০০.০০.০৮৮.২০১১.৭৯৫, তারিখঃ ১৪/১২/২০১১

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ (বিসিএসআইআর) এর উদ্যোগে বিসিএসআইআর এর নিজস্ব ক্যাম্পাস ড. কুদরাত-এ-খুদা সড়ক, ধানমন্ডি ঢাকায় আগামী ১২-১৪ জানুয়ারি, ২০১২ 'বিজ্ঞান, শিল্প ও প্রযুক্তি মেলা ২০১২' এর আয়োজন করা হয়েছে। উক্ত মেলা ছাত্র-ছাত্রীদের বিজ্ঞান শিক্ষার প্রতি আগ্রহী এবং বিজ্ঞান ও প্রযুক্তির সাম্প্রতিক অগ্রগতি ও অর্জন বিষয়ে তাদেরকে কৌতুহলী করে তুলবে।

০২। এমতাবস্থায়, উক্ত মেলায় তাঁর অধীন স্কুল-কলেজসমূহের অংশগ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সূত্রোস্থ স্মারকে প্রাপ্ত পত্রের ছায়ালিপি নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি ঃ বর্ণনামতে।

(মোঃ আলমগীর)
উপ-সচিব (সংসদ ও সমন্বয়)
ফোনঃ ৭১৬৭১০৭

মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
শিক্ষা ভবন, ঢাকা।

অনুলিপি (সদয় অবগতির জন্য) ঃ

১। চেয়ারম্যান, বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ (বিসিএসআইআর), ড. কুদরাত-এ-খুদা সড়ক, ধানমন্ডি ঢাকা-১২০৫।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
http://www.dshe.gov.bd

স্মারক নং-ওএম-৫৭-জিএ/২০১১/৫০৪৪/৬০- জিএ, তারিখ: ২৯/১২/২০১১

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে ঃ

১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা.................অঞ্চল, ...(তাঁর অঞ্চলের সকল সরকারি শিক্ষা প্রতিষ্ঠান(কলেজ, মাধ্যমিক বিদ্যালয় ও মাদরাসা)-কে অবহিত করণের জন্য তাঁকে নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল)
৩। জেলা শিক্ষা অফিসার,............................ (তাঁর জেলার সকল অফিস ও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (কলেজ, মাধ্যমিক বিদ্যালয় ও মাদরাসা)-কে অবহিত করণের জন্য তাঁকে নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল)
৪। সিস্টেম এনালিষ্ট, ইএমআইএস, সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা আধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা (পত্রটি ওয়েব সাইট-এ প্রকাশের অনুরোধসহ)
৫। সংরক্ষণ নথি

(ড. মোহাম্মদ জাহাঙ্গীর হোসেন)
উপ-পরিচালক(সাঃ প্রঃ)
ফোন ঃ ৯৫৫৩৬০৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
অধিশাখা-৪ (সমন্বয়)

শিম/শাঃ ৪/বিবিধ/২০১১ (অংশ-১)/৫০৯ তারিখঃ ২৮/১২/২০১১

বিষয়ঃ বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ (বিসিএসআইআর) আয়োজিত 'বিজ্ঞান, শিল্প ও প্রযুক্তি মেলা, ২০১২' এ দেশের স্কুল-কলেজসমূহের অংশগ্রহণ প্রসঙ্গে।

সূত্রঃ বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ (বিসিএসআইআর) এর পত্র নং-৩৯.০৪১.০৩৬.০০.০০.০৮৮.২০১১.৭৯৫, তারিখঃ ১৪/১২/২০১১

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ (বিসিএসআইআর) এর উদ্যোগে বিসিএসআইআর এর নিজস্ব ক্যাম্পাস ড. কুদরাত-এ-খুদা সড়ক, ধানমন্ডি ঢাকায় আগামী ১২-১৪ জানুয়ারি, ২০১২ 'বিজ্ঞান, শিল্প ও প্রযুক্তি মেলা ২০১২' এর আয়োজন করা হয়েছে। উক্ত মেলা ছাত্র-ছাত্রীদের বিজ্ঞান শিক্ষার প্রতি আগ্রহী এবং বিজ্ঞান ও প্রযুক্তির সাম্প্রতিক অগ্রগতি ও অর্জন বিষয়ে তাদেরকে কৌতুহলী করে তুলবে।

০২। এমতাবস্থায়, উক্ত মেলায় তাঁর অধীন স্কুল-কলেজসমূহের অংশগ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সূত্রোস্থ স্মারকে প্রাপ্ত পত্রের ছায়ালিপি নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

২৮/১২/২০১১

(মোঃ আলমগীর)
উপ-সচিব (সংসদ ও সমন্বয়)
ফোনঃ ৭১৬৭১০৭

সংযুক্তি ঃ বর্ণনামতে।

মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
শিক্ষা ভবন, ঢাকা।

অনুলিপি (সদয় অবগতির জন্য) ঃ

১। চেয়ারম্যান, বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ (বিসিএসআইআর), ড. কুদরাত-এ-খুদা সড়ক, ধানমন্ডি ঢাকা-১২০৫।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ(বিসিএসআইআর)
BANGLADESH COUNCIL OF SCIENTIFIC & INDUSTRIAL RESEARCH (BCSIR)

নং- ৩৯.০৪১.০৩৬.০০.০০.০৮৮.২০১১. ৭৯৫

তারিখ: ১৪/১২/২০১১

প্রাপক

সচিব
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়
ঢাকা-১০০০

দৃষ্টি আকর্ষণ: মোঃ আলমগীর, উপসচিব (সমন্বয়)

বিষয়: বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ (বিসিএসআইআর) আয়োজিত 'বিজ্ঞান, শিল্প ও প্রযুক্তি মেলা ২০১২'-এ দেশের স্কুল কলেজসমূহের অংশগ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে সদয় অবগতির জন্য জানাচ্ছি যে, বিজ্ঞান ও প্রযুক্তির অগ্রগতি ও বিজ্ঞান মনস্ক জাতি গঠনের লক্ষ্যে বিসিএসআইআর প্রতিবছরের ন্যায় এবারও 'বিজ্ঞান, শিল্প ও প্রযুক্তি মেলা ২০১২' আয়োজন করছে। এ মেলা বিসিএসআইআর-এর নিজস্ব ক্যাম্পাস ড. কুদরাত-এ-খুদা সড়ক, ধানমন্ডি ঢাকায় আগামী ১২, ১৩ ও ১৪ জানুয়ারি, ২০১২ অনুষ্ঠিত হবে।

আমরা আশাকরি, দেশের উল্লেখযোগ্য সংখ্যক স্কুল কলেজের ছাত্র-ছাত্রী, বিজ্ঞান ক্লাব এবং স্বশিক্ষিত উদ্ভাবনকারী মেলায় অংশগ্রহণ করবেন। এছাড়াও মেলায় বিসিএসআইআর-এর গবেষণালব্ধ ফলাফল এবং প্রতিষ্ঠানের উদ্ভাবিত প্রসেস নিয়ে গড়ে ওঠা স্থানীয় শিল্প প্রতিষ্ঠানের পণ্য প্রদর্শনের ব্যবস্থা থাকবে।

শিক্ষা মন্ত্রণালয়ের ওয়েবসাইটে এবং মন্ত্রণালয়ের দাপ্তরিক যোগাযোগ মাধ্যমে মেলার সংবাদটি বহুল প্রচার করার বিষয়ে সদয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে বিনীত অনুরোধ জানাচ্ছি।

সংযুক্তি: বিজ্ঞপ্তির কপি।

আপনার একান্ত

১৪/১২/১১

(ড. মোঃ জাহাঙ্গীর আলম)
সচিব
বিসিএসআইআর
ফোন: ৮৬২০১০৬
E-mail: bcsirlib@yahoo.com

নং- ৩৯.০৪১.০৩৬.০০.০০.০৮৮.২০১১.

তারিখ: ১৩/১২/২০১১

অনুলিপি: জ্ঞাতার্থে

০১। একান্ত সচিব, চেয়ারম্যান, বিসিএসআইআর, ঢাকা।
(চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)
০২। একান্ত সহকারী, সদস্য (প্রশাসন)/ সদস্য (বিঃ ও প্রঃ), বিসিএসআইআর, ঢাকা।
০৩। অফিস কপি।

(ড. মোঃ জাহাঙ্গীর আলম)
সচিব

ডঃ কুদরাত-এ-খুদা সড়ক, ধানমন্ডি, ঢাকা-১২০৫, বাংলাদেশ।
Dr. Qudrat-i-Khuda Road, Dhanmondi, Dhaka-1205, Bangladesh.
PABX: 8620021, FAX: 88-02-8613022, E-mail: bcsir@bangla.net

জীবনের জন্য বিজ্ঞান

১৫৬

বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ (বিসিএসআইআর)
BANGLADESH COUNCIL OF SCIENTIFIC & INDUSTRIAL RESEARCH (BCSIR)

বিসিএসআইআর বিজ্ঞান, শিল্প ও প্রযুক্তি মেলা-২০১২

বিজ্ঞান, শিল্প ও প্রযুক্তির বিকাশে বাংলাদেশের বিভিন্ন স্কুল ও কলেজের ছাত্রছাত্রীদের জন্য, বিসিএসআইআর -এর ক্যাম্পাসে আগামী **জানুয়ারী ২০১২ এর ১২ হতে ১৪ তারিখ পর্যন্ত** ৩ দিনব্যাপী মেলার আয়োজন করা হয়েছে।

মেলায় বিসিএসআইআর -এর পদ্ধতি ও উদ্ভাবিত পন্যের ইজারা গ্রহীতা শিল্প প্রতিষ্ঠানসমূহের পণ্য প্রদর্শন, নতুন উদ্ভাবিত পদ্ধতি ও পণ্যের তথ্য এবং দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের নবীন বিজ্ঞানীদের উদ্ভাবন প্রদর্শনের সুযোগ থাকবে। অংশগ্রহণকারী শিক্ষা প্রতিষ্ঠানের প্রতিযোগীদের নিম্ন মাধ্যমিক **(৬ষ্ঠ হতে ৮ম শ্রেণী)**, মাধ্যমিক **(৯ম ও ১০ম শ্রেণী)** এবং উচ্চ মাধ্যমিক **(একাদশ ও দ্বাদশ শ্রেণী)** ৩ টি ভাগে ভাগ করা হয়েছে। প্রতিটি বিভাগে ১ম, ২য় ও ৩য় স্থান অধিকারীকে পুরস্কৃত করা হবে এবং সকল বিভাগের মধ্যে সর্বশ্রেষ্ঠ উদ্ভাবনী প্রকল্পের জন্য আকর্ষণীয় পুরস্কারের ব্যবস্থা আছে।

মেলায় অংশগ্রহণ করতে ইচ্ছুক সকল স্কুল ও কলেজের ছাত্র/ছাত্রীদের স্ব-স্ব প্রতিষ্ঠান প্রধানের মাধ্যমে আগামী **৫ জানুয়ারী ২০১২** তারিখের মধ্যে যোগাযোগের পূর্ণ ঠিকানা ফোন/মোবাইল নং এবং ই. মেইল নম্বর (যদি থাকে) উলে-খ করে নিম্নঠিকানায় নাম অর্ন্তভুক্ত করতে অনুরোধ করা হচ্ছে। বিস্তারিত তথ্য www.bcsir.org.bd অনুসন্ধানের মাধ্যমে জানা যাবে। মেলায় অংশ গ্রহণকালীন যাতায়াত ও থাকা খাওয়ার খরচ নিজেদের বহন করতে হবে।

যোগাযোগের ঠিকানা

ড. মোঃ তোফাজ্জল হোসেন
সদস্য (বিজ্ঞান ও প্রযুক্তি) -এর দপ্তর
বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ
ড. কুদরত-এ-খুদা সড়ক
ধানমন্ডি, ঢাকা-১২০৫
ফোন ঃ ৮৬২০০২১
ফ্যাক্স ঃ ৮৬১৩০২২

বিজ্ঞান শিল্প ও প্রযুক্তি মেলা-২০১২

সংক্ষিপ্ত প্রস্তাবনা

অত্যন্ত আনন্দের সাথে জানাচ্ছি যে, বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ (বিসিএসআইআর) বিগত কয়েক বছর যাবৎ নিজস্ব উদ্যোগে জাতীয় পর্যায়ে বিজ্ঞান মেলার আয়োজন করে আসছে। এরই ধারাবাহিকতায় এ বছর ও বিজ্ঞান শিল্প ও প্রযুক্তি বিকাশের লক্ষ্যে বিসিএসআইআর দেশের বিভিন্ন স্কুল-কলেজের ছাত্র-ছাত্রীদের জন্য পরিষদের ঢাকা ক্যাম্পাস জানুয়ারী ২০১২ -এর ১২-১৪ তারিখ পর্যন্ত ৩ দিন ব্যাপী মেলার আয়োজন করছে। নতুন প্রজন্মকে বিজ্ঞান সচেতন ও বিজ্ঞানমনস্ক করে তোলাই এ মেলার মূল উদ্দেশ্য।

বয়স কাঠামোর ভিত্তিতে ৩টি ভাগে ভাগ করে মেলায় অংশগ্রহণের সুযোগ রাখা হয়েছে। ১০ থেকে অনূর্ধ্ব ১২ বছর বয়সের ছাত্র-ছাত্রী প্রাথমিক স্তর, ১২ উর্ধ্ব থেকে অনূর্ধ্ব ১৫ পর্যন্ত দ্বিতীয় স্তর এবং ১৫ উর্ধ্ব থেকে অনূর্ধ্ব ১৮ পর্যন্ত তৃতীয় স্তর। উল্লেখিত বয়সের ভিত্তিতে বিজ্ঞান ক্লাবও মেলায় অংশগ্রহণ করতে পারবে অংশগ্রহণকারী প্রতিটি স্তরে প্রথম, দ্বিতীয় এবং তৃতীয় স্থান অধিকারীদের জন্য পুরস্কার এবং সার্টিফিকেট প্রদানের ব্যবস্থা রাখা হয়েছে এবং সকল বিভাগের মধ্যে সর্বশ্রেষ্ঠ উদ্ভাবনী প্রকল্পের জন্য আকর্ষণীয় পুরস্কারের ব্যবস্থা আছে। বিগত বছরে অর্থাৎ ২০১১ সালে বহুসংখ্যক স্কুল ও কলেজ থেকে তরুণ বিজ্ঞানীরা এ মেলায় অংশগ্রহণ করে। মেলার উদ্বোধন করেন তদান্তীন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রতিমন্ত্রী এবং সচিব, বিজ্ঞান ও যোগাযোগ প্রযুক্ত মন্ত্রণালয়। এছাড়াও সমাপনী অনুষ্ঠানে অনুরূপ সম্মানিত অতিথিরা উপস্থিত থাকেন। এ বছরও মেলার উদ্বোধন ও সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি এবং বিশেষ অতিথি হিসেবে মাননীয় প্রতিমন্ত্রী এবং বিজ্ঞান মন্ত্রণালয়ের সচিব মহোদয় উপস্থিত থাকবেন বলে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। এছাড়াও সরকারের উর্ধ্বতন কর্মকর্তা এবং বিশিষ্ট ব্যাক্তিবর্গ উপস্থিত থাকবেন।

যেকোন দেশের আর্থসামাজিক উন্নয়নে বিজ্ঞান ও প্রযুক্তির ভূমিকা অপরিহার্য। প্রকৃতপক্ষে, বিশ্ব বাজারে টিকে থাকার জন্য বিজ্ঞান ও প্রযুক্তির সার্বক্ষণিক উন্নয়ন পূর্বশর্ত হিসেবে পরিগণিত। বিশেষ করে, বাংলাদেশের মত একটি উন্নয়নশীল দেশে এই সেক্টরের উন্নয়নে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়া অর্ত্যন্ত গুরুত্বপূর্ণ।

গত বছর ঢাকায় দেশের বিভিন্ন স্কুল-কলেজের ছাত্র-ছাত্রীরা তাদের উদ্ভাবিত দেড় শতাধিক প্রকল্প মেলায় প্রর্দশন করেন। নটরডেম কলেজ, ভিকারুন্নেছা নূন স্কুল এন্ড কলেজ, আইডিয়াল স্কুল এন্ড কলেজ, রেসিডেনসিয়াল মডেল স্কুল এন্ড কলেজ, রাইফেল্‌স পাবলিক স্কুল এন্ড কলেজ, গভঃ ল্যাবরেটরি স্কুলসহ ঢাকার বিভিন্ন স্বনামধন্য স্কুল ও কলেজ এ মেলায় অংশগ্রহণ করে। এছাড়া বিসিএসআইআর থেকে উদ্ভাবিত প্রসেস নিয়ে গড়ে ওঠা স্থানীয় শিল্পোদ্যোক্তারাও এ মেলায় তাঁদের উৎপাদিত পণ্য প্রদর্শণ করেন। বিসিএসআইআর -এর বিভিন্ন ইউনিটগুলো তাঁদের গবেষণা কর্মকাণ্ড জনসম্মুখে তুলে ধরে।

বর্তমান যুগে বিজ্ঞানের প্রয়োজনীয়তা এবং ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে বিজ্ঞান মেলার গুরুত্ব অপরিসীম। মেলার অংশগ্রহণকারী তরুণ বিজ্ঞানী ও ছাত্র-ছাত্রীদের গবেষণায় উদ্বুদ্ধকরণে মিডিয়ার ভূমিকা অপরিসীম। মিডিয়ার মাধ্যমে এ মেলার উদ্দেশ্য, লক্ষ্য এবং প্রয়োজনীয়তা জনসম্মুখে উপস্থাপন করা সম্ভব। এই লক্ষ্যে বিসিএসআইআর কর্তৃপক্ষ আপনাদের প্রতিষ্ঠানের সাথে মিডিয়া পার্টনার হিসেবে কাজ করতে আগ্রহী। এ বিষয়ে আপনাদের আন্তরিক সহযোগিতা একান্ত কাম্য।